

কথা ঃ সূশান্ত সরকার

সুর ঃ সাধন সরকার

তাল ঃ জলদ একতাল; রাগ ঃ বাহার

কার বাঁশি বাজে মধুমাসে
নাম ধরে কে ডাকে ।
থরো থরো হিয়া কাঁপে
মরি লোক লাজে ।।

জলকে চল্লো সখি
যমুনা কিনারে ।
গাগরী ভরনে চলো
গোধূলি লগনে ।।

ভ্রমর গুন্জরে, মালতী মুন্জরে
আজি বনে মুহু মুহু, ডাকে পিক কুহু কুহু
হাসে বনবিথী ফুল সাজে ।।